









# সেন্টার স্টেজে বাংলা ছবি







ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অফ মেলবোর্ন-এ বেশ কয়েকটি বাংলা ছবি দেখানো হবে। বিভিন্ন ধারার ছবি রয়েছে এই তালিকায়। কনটেম্পোরারি আর ক্ল্যাসিক—দু'ধরনের ফিল্মই দেখতে পাবেন দর্শকরা। পরিচালক তনুশ্রী দাস আর সৌম্যনন্দ সাহির 'বাক্স বন্দী' রয়েছে এই তালিকায়। এই ছবির মূল চরিত্রে অভিনয় করেছেন তিলোত্তমা সোম, চন্দন বিস্ত, সায়ন কর্মকার, সুমন সাহা সহ আরও অনেকে। মায়া নামক এক নারীর সংগ্রামের কাহিনি তুলে ধরবে এই ছবি। যে একসঙ্গে তিনটি কাজ করে। আবার হঠাৎ স্বামীর নিরুদ্দেশ হয়ে যাওয়াও সেই কষ্টটাও বয়ে নিয়ে চলে।

পরিচালক সুমন ঘোষের সাম্প্রতিক ছবি 'পুরাতন'-ও দেখানো হবে এই চলচ্চিত্র উৎসবে। এই ছবির হাত ধরেই ফের অনেক বছর পরে বাংলা ছবিতে অভিনয় করলেন শর্মিলা ঠাকুর। সঙ্গে ছিলেন ঋতুপর্ণা সেনগুপ্ত আর ইন্দ্রনীল সেনগুপ্ত। এ ছাড়া থাকবে প্রমিতা ভৌমিকের ছবি 'অহনা'। এই ছবিতে অভিনয় করেছেন সুদীপ্তা চক্রবর্তী, জয় সেনগুপ্ত, সেঁজুতি রায় মুখোপাধ্যায়।

ভারতীয় ছবিতে ঋত্বিক ঘটকের অবদানকে সম্মান জানাতে, তাঁর জন্মশতবর্ষ উপলক্ষে এই চলচ্চিত্র উৎসবে পরিচালকের দু'টি রেস্টোর করা ফিল্ম 'তিতাস একটি নদীর নাম' আর 'মেঘে ঢাকা তারা' দেখানো হবে। ফেস্টিভ্যাল ডিরেক্টর মিতু ভৌমিকের কথায়, 'ঋত্বিক ঘটক সময়ের থেকে অনেকটা এগিয়ে ছিলেন। তাঁর ছবি আজও সমান ভাবে প্রাসঙ্গিক। ওই শতবর্ষ উদ্‌যাপন শুধু সম্মান প্রদর্শন নয়, বরং নিজেদের মনে করানো যে কোন ধরনের গল্প আমাদের বলা উচিত।'

বাংলাদেশের পরিচালক মাকসুদ হোসেনের ছবি 'সাবা' দেখানো হবে এই চলচ্চিত্র উৎসবে। মেহজবিন চৌধুরী রয়েছেন এই ফিল্মের মুখ্য চরিত্রে। জয়া অহসান আর মোশারফ করিম অভিনীত, নুহাশ হুমায়ুন পরিচালিত ছবি 'দুই শ'-ও দেখা যাবে এই উৎসবে। তবে শুধু বাংলা ছবি নয়, 'আ জল মেড আপ অফ ক্লে ফ্রম ইয়োরুবা', পরিচালক কোকোব গেব্রেহাওয়েরিয়ার এই শর্ট ফিল্মটি ঘিরেও উৎসাহ রয়েছে দর্শকদের মধ্যে। এক নাইজেরিয়ান ফুটবলার আধ্যাত্মিকতার খোঁজে ভারতে আসে। ছবি গল্প তা নিয়েই। ইউএস-এর ছবি 'এলিজে' এক ভারতীয় বিধবা মহিলা আর সমকামী কৃষ্ণাঙ্গ পুরুষের বন্ধুত্বের গল্প বলবে। এই ছবিটি পরিচালনা করেছেন রাজিদ সিজান। এই বছর চলচ্চিত্র উৎসবটি পা দিয়েছে ১৬ বছরে। আগামী ১৪ থেকে ২৪ অগস্ট একাধিক তারকার উপস্থিতিতে চলবে এই উৎসব।



—দেবলীনা ঘোষ